বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangladesh Medical University

শাহ্‌বাগ, ঢাকা- ১০০০।

স্মারক নং- বিএমইউ/২০২৬/১১৫৬৫ তারিখঃ ০২/১১/২০২৬ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংবিধি অনুযায়ী নিম্নেবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে।

ক্র.নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	**পারফিউশনিষ্ট** বেতন স্কেল : টাঃ ৩২,০০০-৭৭,৩০০/- (জা.বে.স্কে-২০২৬) গ্রেড-১০	০৩ (তিন জন)	শিক্ষাগত যোগ্যতা ঃ ১. সকল পাবলিক পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগসহ **(সিজিপিএ- নূন্যপক্ষে ২.২৫)** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। **অভিজ্ঞতাঃ** পারফিউশনিষ্ট হিসাবে কার্ডিয়াক হাসপাতালে কমপক্ষে ০১ (এক) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হবে।

শর্তাবলী ঃ

১. আগামী ২২/১১/২০২৬ খ্রীঃ তারিখে আবেদনকারীর বয়স ৩২ (বত্রিশ) বছরের মধ্যে হতে হবে (ক. মেধাভিত্তিক ৯৩%, খ. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য ৫%, গ. ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১% এবং ঘ. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১%)।

২. আবেদনপত্র পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩. আগামী ০৮/১১/২০২৬ খ্রীঃ হইতে ২২/১১/২০২৬ খ্রীঃ তারিখ পর্যন্ত অনলাইনে (www.bmu.ac.bd) আবেদন করতে পারবেন।

৪. পরীক্ষার ফি পূবালী ব্যাংক লিঃ যেকোন অনলাইন শাখায় একাউন্ট নম্বর STD-430 রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অনুকূলে পূবালী ব্যাংক লিঃ শাহবাগ এভিনিউ শাখা, ঢাকা, এর বিপরীতে আগামী ০৮/১১/২০২৬ খ্রীঃ হইতে ২২/১১/২০২৬ খ্রীঃ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ের মধ্যে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে রশিদের কপি সংগ্রহ করতে হবে। টাকা জমা দেয়ার একদিন পর অনলাইনে আবেদনপত্র দাখিল করা যাবে।

৫. অনলাইনে আবেদন করার সময় প্রার্থীর আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে যা Upload করতে হবে ঃ

৫.১ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২৪০x২৪০ পিক্সেল);

৫.২ স্বাক্ষরের ছবি (৩০০x৮০ পিক্সেল);

৫.৩ টাকা জমার ব্যাংক রশিদের কপি; ও

৫.৪ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।

৬. আবেদন করার সময়ে প্রদত্ত Tracking Number এবং প্রার্থীর নির্বাচিত Password যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে Admit Card প্রিন্ট করাসহ আবেদনপত্র সংক্রান্ত বিভিন্ন প্রয়োজনে এই Tracking Number এবং Password ব্যবহার করতে হবে।

৭. Admit Card প্রিন্ট, লিখিত / মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bmu.ac.bd) ও এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

৮. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকেই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে।

৯. প্রার্থীদের প্রাথমিক ভাবে কোন সনদপত্র Upload বা দাখিল করতে হবে না, তবে মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সময় আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত সনদপত্রসমূহের মূলকপি দেখাতে হবে এবং একসেট ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) অফিসে ব্যবহারের জন্য দাখিল করতে হবে ঃ

৯.১ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

৯.২ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

৯.৩ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌর সভার চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

৯.৪ চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র; ও

৯.৫ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদপত্র।

১০. লিখিত ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩. নিয়োগ প্রক্রিয়া চলাকালীন বা নিয়োগ প্রাপ্তির পরেও যদি কোন শর্তাদিতে অসংগতি বা ভুল তথ্য প্রমাণিত হয় তবে নির্বাচন বা নিয়োগ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

02/11/25

(অধ্যাপক ডা. মোঃ মোস্তফা কামাল)

রেজিস্ট্রার